



ড. ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR



স্মারকনং-বেরোবি/রেজি./এম.ফিল, পিএইচ.ডি. ও পোস্ট ডক্টরাল/২০২০/৮৩৬

তারিখ: ২৯/১০/২০২০

নোটিশ

ড. ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর অধীনে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের এম. ফিল, পিএইচ.ডি. ও পোস্ট ডক্টরাল প্রোগ্রামে মনোনয়নকৃত গবেষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এম. ফিল, পিএইচ.ডি. ও পোস্ট ডক্টরাল প্রোগ্রামে ভর্তি ফি জমা ও রেজিস্ট্রেশনের সময় আগামী নভেম্বর ১০, ২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। এম. ফিল, পিএইচ.ডি. ও পোস্ট ডক্টরাল প্রোগ্রামে ভর্তির পূর্বের তারিখ (০৫ অক্টোবর, ২০২০ তারিখ থেকে ২৯ অক্টোবর, ২০২০ পর্যন্ত) অতিক্রম হওয়ায় বর্ধিত সময়ে নির্দিষ্ট ফি জমাদানপূর্বক অতিরিক্ত ৮০০/- (আটশতটাকা) জরিমানাসহ ভর্তি হতে হবে। ইতোমধ্যে যারা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এম. ফিল, পিএইচ.ডি. ও পোস্ট ডক্টরাল রিসার্চ ফেলো পরীক্ষার ফি জমা ও রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন, তাদের জন্য এ নোটিশ প্রযোজ্য নয়। উল্লেখ্য যে, অতিশীঘ্রই সংশ্লিষ্ট রিসার্চ ফেলোদের আই.ডি কার্ড বিতরণ ও ক্লাসের তারিখ ঘোষণা করা হবে। সংশ্লিষ্টদের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর অফিসিয়াল ওয়েবসাইট ভিজিট করার জন্য অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

২৯/১০/২০২০

কর্ণেল আবু হেনা মুস্তফা কামাল (অব.)
রেজিস্ট্রার
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, ড. ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট, বেরোবি, রংপুর।
২. তত্ত্বাবধায়ক,
৩. সহ-তত্ত্বাবধায়ক (প্রযোজ্য ক্ষেত্রে),
৪. পরিচালক (অর্থ ও হিসাব), বেরোবি, রংপুর।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, বেরোবি, রংপুর।
৬. একাডেমিক শাখা, বেরোবি, রংপুর।
৭. ব্যবস্থাপক, জনতা ব্যাংক লি. লালবাগবাজার শাখা, রংপুর।
৮. গবেষক,
৯. অফিস নথি